খুলনা বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

স্মারক নম্বর খুবি/রেজি/এপিএ- ০১/২০২১-৬৬৮

তারিখ: ২৭-০২-২০২২ খ্রি.

কার্যবিবরণী

গত ২৭-০২-২০২২ খ্রি. তারিখ খুলনা বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটি'র ৩য় ত্রৈমাসিক সভা অত্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন, সভাপতি, নৈতিকতা কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়ের সভাপতিত্বে তাঁরই অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। (উপস্থিতির কপি সংযুক্ত)

১. অধ্যাপক ড. মাহমুদ হোসেন -- উপাচার্য, খুলনা বিশ্ববিদ্যালয় ও সভাপতি, নৈতিকতা কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়

২. প্রফেসর ড. মো: নূরুন্নবী -- ডিন, ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল ও সদস্য, নৈতিকতা কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়

৩. প্রফেসর খান গোলাম কুদ্দুস -- রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে নির্ধারিত আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১: গত ০৪-১১-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ

সিদ্ধান্ত-১: খুলনা বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচি-২: শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন সংক্রান্ত কার্যবিবরণী অবহিতকরণ:

(ক) খুলনা বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। গত ০৪-১১-২০২১ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত অনুসারে ০৮-০১-২০২২ খ্রি. তারিখে শুদ্ধাচার সংক্রান্ত আয়োজিত প্রশিক্ষণ কার্যক্রম কর্মশালা খুলনা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষনে বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, ডিসিপ্লিন প্রধান, বিভাগীয় প্রধান, পরিচালক এবং এপিএ এর সদস্যগণ অংশগ্রহণ করেন। এ সংক্রান্ত সকল বিষয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড কৃত।

(খ) সরকারি নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত দুটি বাছাই কমিটি গঠনের বিষয়ে সভার সকলকে অবহিত করা হয়।

শুদ্ধাচার সংক্রান্ত প্রণীত বাছাই কমিটি:

(i) ৩য় গ্রেড-১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তাদের জন্য প্রনয়ণকৃত শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি (কপি সংযুক্ত) (স্মারক নম্বর খুবি/প্রশা-বি ১১৪/৯৮-২২০ তারিখ: ০২-০২-২০২২ খ্রি.)

(ii) গ্রেড-১১- গ্রেড-২০ পর্যায়ের কর্মচারিদের জন্য বাছাই কমিটি (কপি সংযুক্ত) (স্মারক নম্বর খুবি/প্রশা-বি ১১৪/৯৮-২২০ তারিখ: ০২-০২-২০২২ খ্রি.)

বিষয়টি পরবর্তি সিন্ডিকেট সভায় রিপোর্ট করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

গ.কর্মকর্তা ও কর্মচারিদের জন্য অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত বিষয়ে অবহিতকরণ ও এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে হালনাগাদকরণ:

সিদ্ধান্ত: খুলনা বিশ্ববিদ্যালয়ে এ সংক্রান্ত তথ্য www.ku.ac.bd এর APA তে হালনাগাদকৃত। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়েছে। যা পরবর্তী সিন্ডিকেটে রিপোর্ট করা হবে।

ঘ. ই-গভর্ন্যান্স, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষনের বিষয়ে অবহিতকরণ

সিদ্ধান্ত: এ সংক্রান্ত প্রশিক্ষন মার্চ থেকে জুন'২০২২ এর মধ্যে যে কোন সময়ে এ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করার বিষয়ে মতামত প্রদান করা হয়।

আলোচ্যসূচি-৩: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ স্বাক্ষরের পূর্বপ্রস্তুতি হিসেবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক/প্রশাসনিক কার্যক্রম ও কর্মসম্পাদনের সূচক ও তার মান নির্ধারণ সম্পর্কিত একটি প্রস্তুতিমূলক ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে অনুমোদন গ্রহণ

সিদ্ধান্ত: খুলনা বিশ্ববিদ্যালয়ের সাথে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর মধ্যে কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ আগামী জুলাই মাসে সম্পাদিত হবে। এরই প্রস্তুতি হিসেবে মার্চ'২০২২ এর শেষ সপ্তাহে এ সংক্রান্ত একটি প্রেজেন্টেশন বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, ডিসিপ্লিন প্রধান/পরিচালকদের মাসিক মতবিনিময় সভায় উপস্থাপন করতে হবে। দায়িত্ব: সভাপতি ও ফোকাল পয়েন্ট, এপিএ টীম, খুলনা বিশ্ববিদ্যালয়

আর কোন আলোচনা না থাকায় সভার সম্মানিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. মাহমুদ হোসেন)
সভাপতি, নৈতিকতা কমিটি ও
মাননীয় উপাচার্য, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্মারক নম্বর খুবি/রেজি/এপিএ- ০১/২০২১-৬৬৮

তারিখ: ২৭-০২-২০২২ খ্রি.

অবগতির ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপ-উপাচার্য ও সদস্য, নৈতিকতা কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়
২. ডিন বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল ও সদস্য, নৈতিকতা কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়
৩. ডিন ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল ও সদস্য, নৈতিকতা কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়
৪. ডিন সামাজিক বিজ্ঞান স্কুল ও সদস্য, নৈতিকতা কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয়
৫. সভাপতি ও ফোকাল পয়েন্ট, এপিএ টীম, খুলনা বিশ্ববিদ্যালয়
৬. উপাচার্য মহোদয়ের সচিব, (উপাচার্য মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ) খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
৭. উপ-উপাচার্য মহোদয়ের সচিব, (উপ-উপাচার্য মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ) খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
৮. সংশ্লিষ্ট নথি
৯. গার্ড ফাইল